

শিক্ষকদের একটি অংশ পথভ্রষ্ট

—শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষকতা শুধু পেশা নয়, এটি মহান ব্রত। এ পেশার মহান অবস্থান ও মর্যাদা রক্ষার্থে সংশ্লিষ্ট সবাইকে সচেতন থাকতে হবে। শিক্ষক সমাজের একটি অংশ পথভ্রষ্ট হয়ে নিজ পেশার তাৎপর্য ও মহত্ব ভুলে গিয়ে কোচিং, টিউশনি, ক্লাসে না পড়ানো, প্রশ্নপত্র ফাঁস করা সহ নানা অপকর্মে যুক্ত হচ্ছেন।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বৃহস্পতিবার বিশ্ব 'শিক্ষক দিবস উপলক্ষে বাংলাদেশ কারিগরি শিক্ষা কল্যাণ সমিতি আয়োজিত দিবসটির গুরুত্ব ও তাৎপর্য বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা কল্যাণ সমিতির সভাপতি মো: নাজমুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো: আলমগীর।